৩/৮/২০০৩

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৭২ কলাম ... ৪ ...

ভোরের কাগজ

# ঢা.বিতে ছাত্রদলের ধর্মঘট সপ্তাহে গড়ালো

# ৮২ পরীক্ষা বাতিল

## কাল প্রধান উপদেষ্টার সঙ্গে দেখা করবেন ভিসি

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক** : ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের ডাকা লাগাতার ধর্মঘট আজ এক সপ্তাহে পড়েছে। এদিকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য আগামীকাল সোমবার তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টার সঙ্গে দেখা করবেন বলে জানা যায়।

ছাত্রদল গত ২৯ জুলাই থেকে লাগাতার ধর্মঘটের ডাক দেওয়ায় এ পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের ৮২টি পরীক্ষা অনুষ্ঠিত হতে পারেনি। গতকাল ধর্মঘটের ৬ষ্ঠ দিনে ছাত্রদল এবং ছাত্রলীগ ধর্মঘটের পক্ষে এবং বিপক্ষে মিছিল-সমাবেশের আয়োজন করে।

ধর্মঘটের বিরুদ্ধে ছাত্রলীগ আয়োজিত সমাবেশে নেতৃবৃন্দ বলেন, বেগম জিয়ার নেতৃত্বে অছাত্র, মাস্তান, রাজাকার আর মৌলবাদীদের দিয়ে শিক্ষাঙ্গন ও সমাজ জীবনে অস্থিতিশীলতা সৃষ্টি করে ঘোলা পানিতে মাছ শিকার করতে চায় ছাত্রদল।

ডাকসু ভবনের সামনে বই-খাতা হাতে ছাত্রলীগ কর্মীদের নিয়ে ছাত্রলীগ নেতা বাহাদুর বেপারীর প্রতীকী ক্লাস অনুষ্ঠান গতকাল ক্যাম্পাসের সকলের নজর কাড়ে।

কলাভবনের মূল গেটে ছাত্রদল আয়োজিত সমাবেশে নেতৃবৃন্দ বলেন, ছাত্রদলের আন্দোলনকে বানচালের জন্য উপাচার্য বিভিন্ন ষড়যন্ত্রের ফন্দি আঁটছে।

এদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সঙ্গে ছাত্রদল নেতৃবৃন্দ গতকাল ঘণ্টাব্যাপী আলোচনা করলেও ধর্মঘট প্রত্যাহারের বিষয়ে এখনো কোনো কিছু বলেননি।